

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সমাজকল্যাণ মন্ত্রণালয়  
কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.msw.gov.bd](http://www.msw.gov.bd)

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা চুক্তি (এপিএ)  
এর ঘান্মাসিক মূল্যায়ন সভার কার্যবিবরণী

সভাপতি	: মোঃ নজরুল ইসলাম
	অতিরিক্ত সচিব (বাজেট, কার্যক্রম ও মূল্যায়ন), সমাজকল্যাণ মন্ত্রণালয়
সভার তারিখ	: ৩০-০১-২০২৪ খ্রিষ্টাব্দ
সময়	: বেলা ১১:৩০ টায়
স্থান	: জুম প্লাটফর্ম
উপস্থিতি	: পরিশিষ্ট 'ক'

#### ২.০ আলোচনা:

২.১ ভার্চুয়াল সভায় সংযুক্ত সকলকে সভাপতি কর্তৃক স্বাগত জানানোর মাধ্যমে সভার কাজ শুরু করা হয়। সভাপতি অনুরোধ জানালে যুগ্মসচিব (কর্মসম্পাদন ব্যবস্থাপনা) সভার উদ্দেশ্য ও প্রক্ষাপট তুলে ধরেন এবং আলোচ্যসূচি অনুযায়ী সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন করা হয়।

২.২ সভায় সকল দপ্তর/সংস্থার ২০২৩-২০২৪ অর্থবছরের অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদনের খসড়া সভায় উপস্থাপন করা হয়।

২.৩. আলোচ্য মূল্যায়ন প্রতিবেদনসমূহের বিভিন্ন বিষয়ের উপর উপস্থিত সদস্যগণ মতামত প্রদান করেন। সভাপতি অর্ধবার্ষিক বাস্তবায়িত কার্যক্রমের প্রমাণক সংরক্ষণে রাখার উপর গুরুত্বারোপ করেন। তিনি আরো বলেন, এপিএ প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে প্রমাণকসহ মন্ত্রিপরিষদ বিভাগের এপিএমএস সফটওয়্যারের মাধ্যমে দাখিল করতে হবে।

#### ৩.০ সিদ্ধান্ত:

বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) যেসব কর্মসম্পাদন সূচকের বিপরীতে লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি বা কম অর্জন হয়েছে, সে বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা ও মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখা/অধিশাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

(খ) মন্ত্রণালয় কর্তৃক মূল্যায়নকৃত ০৬টি দপ্তর/সংস্থার ফিডব্যাক প্রতিবেদন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে নির্ধারিত সময়ে আপলোড করতে হবে;

(গ) দপ্তর/সংস্থাকে মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন কর্মপরিকল্পনার ২য় কোয়ার্টারের (অক্টোবর ২০২৩-ডিসেম্বর ২০২৩ পর্যন্ত) বাস্তবায়ন অগ্রগতির ওপর ফিডব্যাক প্রদান করে ফিডব্যাকের তথ্য স্ব স্ব ওয়েবসাইটে প্রকাশপূর্বক মন্ত্রণালয়কে জানাতে হবে।

৪.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

৪

স্বাক্ষরিত/  
(মোঃ নজরুল ইসলাম)  
অতিরিক্ত সচিব (বাজেট, কার্যক্রম ও মূল্যায়ন)  
সমাজকল্যাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর - ৪১.০০.০০০০.০১৬.২৩.০১৫.২৩-০৫

তারিখ: ১৬ মাঘ ১৪৩০  
৩০ জানুয়ারি ২০২৪

বিতরণ: কার্যালয়ে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, সমাজসেবা ভবন, আগারগাঁও, ঢাকা
২. অতিরিক্ত সচিব (বাজেট, কার্যক্রম ও মূল্যায়ন), সমাজকল্যাণ মন্ত্রণালয়
৩. ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর-১৪, ঢাকা
৪. ব্যবস্থাপনা পরিচালক, নিউরো-ডেভেলপমেন্টাল সুরক্ষা ট্রাস্ট (এনডিডি), ঢাকা
৫. নির্বাহী সচিব, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ইঙ্কার্টন, ঢাকা
৬. নির্বাহী পরিচালক, শেখ জাহাদ বিন সুলতান আল নাহিয়ন ট্রাস্ট (বাংলাদেশ), বনানী, ঢাকা
৭. নির্বাহী পরিচালক, শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট (মেঝী শিল্প), টংগী, গাজীপুর
৮. সিস্টেম এনালিস্ট, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৯. সচিবের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

  
৩০.০১.২০২৪

(মোঃ সিরাজুল হক)

সহকারী সচিব

E-mail: performance@msw.gov.bd